**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date : 08-05-2026**
**Time: 07.35-07.40 AM Hrs**
**BENGALI MORNING BULLETIN**

---

## TBSE :

ত্রিপুরা মধ্যশিক্ষা পর্ষদ পরিচালিত ২০২৬ সালের মাধ্যমিক, মাদ্রাসা আলিম, উচ্চতর মাধ্যমিক এবং মাদ্রাসা ফাজিল পরীক্ষার ফলাফল আজ  দুপুর ১২টায় পর্ষদের মিলনায়তনে এক সাংবাদিক সম্মেলনের মাধ্যমে প্রকাশ করা হবে। ত্রিপুরা মধ্যশিক্ষা পর্ষদের result যে সমস্ত website-এর মাধ্যমে জানা যাবে তার তালিকা পর্ষদের website (www.tbse.tripura.gov.in)-এ দেওয়া থাকবে। পরীক্ষার্থীরা তালিকাভুক্ত website-গুলির মাধ্যমে দুপুর সাড়ে ১২টা থেকে পরীক্ষার ফল জানতে পারবে।

****************

**The Supreme Court ruling:**

দেশের সর্বোচ্চ আদালত রায় দিয়েছে , গ্রাহকরা যে পরিষেবা আর পাচ্ছেন না, তার জন্য তাদের অর্থ প্রদান করতে বাধ্য করা যাবে না। আদালত বলেছে, শুল্ক নির্ধারণ কেবল একটি গাণিতিক প্রক্রিয়া নয়, বরং গ্রাহকদের স্বার্থ রক্ষার লক্ষ্যে নিয়ন্ত্রনমূলক ভারসাম্য রক্ষার পদক্ষেপও বটে।বিচারপতি পি এস নরসিংহ এবং অলোক আরাধের সমন্বয়ে গঠিত বেঞ্চ দিল্লির রিথালা কম্বাইন্ড সাইকেল পাওয়ার প্ল্যান্ট সংক্রান্ত বিষয়ে অ্যাপিলেট ট্রাইব্যুনাল ফর ইলেকট্রিসিটি (APTEL)-এর ফেব্রুয়ারি ২০২৫-এর একটি আদেশ বাতিল করে দিয়েছে। শীর্ষ আদালত দিল্লি ইলেকট্রিসিটি রেগুলেটরি কমিশনের ২০১৯-এর আদেশ পুনর্বহাল করেছে,

যেখানে ২০১৮ সালের মার্চে বিদ্যুৎ সরবরাহ বন্ধ হয়ে যাওয়ার পর শুল্কের মাধ্যমে প্ল্যান্টটির অবশিষ্ট মূলধনী ব্যয় আদায়ের আবেদন নাকচ ক হয়েছিল।

আদালত পর্যবেক্ষণ শেষে জানিয়েছে, যে পরিষেবা আর প্রদান করা হচ্ছে না, তার জন্য গ্রাহকদের ওপর শুল্কের বোঝা চাপানো যাবে না। আদালত বলেছে, ২০০৩-এর বিদ্যুৎ আইনের অধীনে গ্রাহকদের স্বার্থ রক্ষা করা একটি কেন্দ্রীয় নীতি।

**********************

## Operation Sindoor-1st year :

ভারত গতকাল 'অপারেশন সিঁদুর'-এর প্রথম বার্ষিকী পালন করেছে। গত বছর ৭ই মে ভারত 'অপারেশন সিঁদুর' শুরু করেছিল| সেদিন পাকিস্তান ও পাকিস্তান-অধিকৃত কাশ্মীরে নয়টি সন্ত্রাসী ঘাঁটিতে বিমান হামলা চালিয়ে অন্তত ১০০ জন সন্ত্রাসীকে নির্মূল করেছিল ভারতীয় সামরিক বাহিনী| গত বছর ২২শে এপ্রিল পহেলগামে পর্যটকদের ওপর পাকিস্তান-সমর্থিত বর্বর সন্ত্রাসী হামলার এটি ছিল ভারতের যোগ্য জবাব। এই উপলক্ষে রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু, উপরাষ্ট্রপতি সি.পি. রাধাকৃষ্ণন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এবং প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিং নিজেদের বার্তায় সন্ত্রাসবাদের বিরুদ্ধে ভারতীয় সামরিক বাহিনীর বীরত্ব ও আত্মত্যাগের প্রশংসা করেছেন।

*****************

## Nationwide Annual Health Check-Up :

শ্রম ও কর্মসংস্থান মন্ত্রী ডঃ মনসুখ মান্ডাভিয়া নতুন শ্রম আইনের অধীনে ৪০ বছর বা তার বেশি বয়সী কর্মীদের জন্য গতকাল দেশব্যাপী বার্ষিক স্বাস্থ্য পরীক্ষার কর্মসূচি চালু করেছেন। এই উদ্যোগটি ভারতের কর্মশক্তির জন্য ব্যাপকভাবে স্বাস্থ্যসেবা নিশ্চিত করার লক্ষ্যে একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ।

নয়াদিল্লিতে এমপ্লয়িজ স্টেট ইনস্যুরেন্স কর্পোরেশন বা ইএসআইসি মেডিকেল কলেজ ও হাসপাতালে এই উদ্যোগের উদ্বোধন করে শ্রম ও কর্মসংস্থান মন্ত্রী ডঃ মনসুখ মন্ডভিয়া বলেছেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নেতৃত্বে গত ১২ বছরে দেশের কর্মশক্তি ও যুবশক্তির প্রতি সম্মান উল্লেখযোগ্যভাবে বৃদ্ধি পেয়েছে।

***************

**Railways move to upgrade:**

রেল মন্ত্রক ঘোষণা করেছে, ট্রেনগুলিকে উন্নত যাত্রী সংরক্ষণ ব্যবস্থায় স্থানান্তরের কাজ আগস্ট মাস থেকে শুরু হবে। নয়া দিল্লির রেল ভবনে একটি পর্যালোচনা সভায় সভাপতিত্ব করে রেলমন্ত্রী অশ্বিনী বৈষ্ণব গতকাল কর্মকর্তাদের নির্দেশ দিয়েছেন যে, ৪০ বছরের পুরোনো সংরক্ষণ ব্যবস্থা থেকে উন্নত ব্যবস্থায় ট্রেন স্থানান্তরের সময় যাত্রীদের যেন কোনো অসুবিধা না হয়। বর্তমান চালু ১৯৮৬ সালের সংরক্ষণ ব্যবস্থা, গত ৪০ বছরে বেশ কিছু ছোটখাটো পরিবর্তনের মধ্য দিয়ে গেছে। তবে, এখন একে সম্পূর্ণ ঢেলে সাজানো হয়েছে এবং অত্যাধুনিক প্রযুক্তি ব্যবহার করে এর ধারণক্ষমতা উল্লেখযোগ্যভাবে বাড়ানো হয়েছে।

**************************

**Union Education Minister:**

কেন্দ্রীয় শিক্ষামন্ত্রী ধর্মেন্দ্র প্রধান গতকাল নয়াদিল্লিতে ভারতে নিযুক্ত নেদারল্যান্ডসের রাষ্ট্রদূত মারিসা  জেরার্ডসের সঙ্গে বৈঠক করে উচ্চশিক্ষা ও গবেষণায় দ্বিপাক্ষিক সহযোগিতা বৃদ্ধির বিভিন্ন দিক নিয়ে আলোচনা করেন। সামাজিক মাধ্যমে তিনি জানান, হাইড্রোজেন, সেমিকন্ডাক্টর, কৃত্রিম বুদ্ধিমত্তা, নগর উন্নয়ন ও কৃষি ক্ষেত্রে ভারত ও নেদারল্যান্ডস যৌথভাবে কাঠামোগত সহযোগিতার দিকে এগোবে। তিনি বলেন, ভবিষ্যতের উদ্ভাবনভিত্তিক শিক্ষা ব্যবস্থা গড়ে তুলতে দুই দেশের এই অংশীদারিত্ব গুরুত্বপূর্ণ ভূমিকা নেবে।

****************************

**Minister Sudhangshu Das :**

তপশিলী জাতি কল্যাণ মন্ত্রী সুধাংশু দাসের পৌরহিত্যে ঊনকোটি জেলার ফটিকরায়ে সরকারি উন্নয়ণমূলক কাজকর্মের অগ্ৰগতি বিষয়ে গতকাল এক পর্যালোচনা বৈঠক অনুষ্ঠিত হয়েছে । ফটিকরায় আম্বেদকর কলেজের কনফারেন্স হলে আয়োজিত পর্যালোচনা বৈঠকে পূর্ত, গ্ৰামোন্নয়ণ, পানীয় জল ও স্বাস্থ্যবিধি, বিদ্যুৎ, প্রধানমন্ত্রী গ্ৰাম সড়ক যোজনা সংক্রান্ত কাজের অগ্রগতি নিয়ে বিস্তারিত পর্যালোচনা করা হয়|

***************

**National Lok Adalat :**

আগামীকাল ৯ই মে ত্রিপুরা হাইকোর্ট এবং রাজ্যের সব জেলা ও মহকুমা আদালত প্রাঙ্গণে জাতীয় লোক আদালত বসবে। গতকাল রাজ্য আইনসেবা কর্তৃপক্ষের সদস্য সচিব ভি.পি দেববর্মা এখবর জানিয়েছেন| তিনি জানান, জাতীয় লোক আদালতে নিস্পত্তির জন্য ৪৬টি বেঞ্চে ২৫ হাজার ৫১৪টি মামলা তোলা হবে। এরমধ্যে আদালতে জমে থাকা ২০ হাজার ৭৭৯টি মামলা রয়েছে|

*********************

**NSS Camp :**

সাংসদ রাজীব ভট্টাচার্য আগরতলায় ক্ষুদিরাম বসু ইংলিশ মিডিয়াম স্কুলের এন.এস.এস ইউনিটের উদ্যোগে Youth For My Bharat & Youth for Digital Literacy” ভাবনাকে সামনে রেখে আয়োজিত সাতদিন দিনব্যাপী বিশেষ শিবিরের উদ্বোধন করেন। গতকাল আয়োজিত অনুষ্ঠানটিতে সাংসদ বলেন, এই বিশেষ উদ্যোগ পড়ুয়াদের সামাজিক দায়বদ্ধতা, স্বেচ্ছাসেবামূলক

কাজকর্ম এবং ডিজিটাল সচেতনতার মাধ্যমে এক উন্নত ও আত্মনির্ভর ভারত গঠনের প্রেরণা জোগাবে।

*****************

**North East Under 14 Cricket :**

দ্বিতীয় উত্তরপূর্ব লিটল মাস্টার অনূর্ধ্ব ১৪ বছরের ছেলেদের ক্রিকেটে ত্রিপুরা রানার্স হয়েছে। গতকাল আসরের ফাইনালে আসাম ১৫৯ রানে ত্রিপুরাকে পরাজিত করে। এম বি বি স্টেডিয়ামে অনুষ্ঠিত ফাইনাল খেলায় প্রথমে ব্যাট করতে নেমে সফরকারী আসাম ৪০ ওভারে ৬ উইকেটে ২৮৬ রান করে। জবাবে রাজ্যদল ৪০ ওভারে ৭ উইকেট হারিয়ে ১২৭ রান সংগ্রহ করতে সক্ষম হয়।

**********************

**Weather :**

আগামী ২৪ ঘন্টায় রাজ্যের বিভিন্ন জেলায় বিক্ষিপ্তভাবে ঘন্টায় ৪০ থেকে ৫০ কিলোমিটার বেগে ঝড়ো হাওয়া এবং বজ্র বিদ্যুৎ সহ বৃষ্টির সতর্কতা জারি করেছে আবহাওয়া দপ্তর। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩৩ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৩ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। ভোরের সর্বনিম্ন তাপমাত্রা ছিলো ২৪.৪ ডিগ্রি সেলসিয়াস।পরিমাপযোগ্য বৃষ্টিপাত ১ মিলিমিটার।

*****************

*******************